দৈনিক

# জনকণ্ঠ

তারিখ 24 MAY 2003
কলাম
পৃষ্ঠা 2

## শিক্ষক নির্যাতনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহ্বান

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ শিক্ষক নির্যাতনের বিরুদ্ধে সারাদেশে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার জন্য শিক্ষক সমাজের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) কেন্দ্রীয় সভাপতি ড. আবতারুজ্জামান। একই সঙ্গে তিনি শিক্ষকদের বেতনের এক শ' ভাগ প্রদান, ৩০ ভাগ মহার্ঘ্যভাতা এবং অনুপাত প্রথা বাতিলের দাবি জানান। শুক্রবার বাকবিশিস, চট্টগ্রাম শাখার ৭ম দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ দাবি জানান। স্থানীয় মুসলিম হলে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন কবি-সাংবাদিক আবুল মোমেন ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এ ওয়াই এম ওবায়দুল কবির। ড. আবতারুজ্জামান বলেন, মৌলবাদ, প্রতিক্রিয়াশীলসহ নানা অপচক্রের হাত থেকে শিক্ষা ব্যবস্থা ও শিক্ষক সমাজকে রক্ষা করতে হবে।